টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা-৬

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই ফাল্গুন বুধবার, ১৩৭৫ ইং 19th Feb. 1969 | ৩৯শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া ও কালিতে ঘরে ঘরে ঝুলও জমবে না।

ঝঞ্ঝাটহীন এই কুকারটির সরল ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা কালিহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

**এই তো খেলার দিন—**
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই ফাল্গুন বুধবার সন ১৩৭৫ সাল।

# শিবরাত্রি ও বন্নেশ্বর

--০--

ফাল্গুনের কৃষ্ণপক্ষ চতুর্দ্দশী তিথিতে ৺বিশ্বনাথ, ৺বৈদ্যনাথ এবং ৺তারকেশ্বর মন্দিরে যেমন ব্রতোপবাসী ভক্তগণের সমাগম ও মেলা হয়, জঙ্গিপুর মহকুমার সাগরদীঘি থানা এলাকায় বন্নেশ্বর নামক শিবের মন্দিরে তেমনি মুর্শিদাবাদ ও বীরভূমের বহু ভক্ত যাত্রীর সমাগম ও মেলা হইয়া থাকে।

শিবরাত্রি-ব্রতকথায় লিখিত আছে যে পুরাকালে এক ব্যাধ বনে মৃগয়া করিতে গিয়া অন্নাভাবে উপবাসী ছিল। মৃগয়ালব্ধ হরিণসহ প্রত্যাবর্ত্তন-কালে শ্বাপদসঙ্কুল পথিমধ্যে রাত্রি হওয়ায় সে প্রাণভয়ে অরণ্যস্থিত এক বিল্ববৃক্ষে আরোহণ করিয়া শাখায় মৃত হরিণটিকে বাঁধিয়া রাখিয়া স্বয়ং বৃক্ষ হইতে পতনের ভয়ে নিদ্রা না গিয়া সমস্ত রাত্রি জাগরণ করে। সেই বনে, সেই বিল্ব বৃক্ষের তলায় একটি শিবলিঙ্গ লোকচক্ষুর অগোচরে অপূজিত অবস্থায় ছিল। ব্যাধের অঙ্গ সঞ্চালনে বৃন্তচ্যুত একটি শিশিরসিক্ত বিল্বপত্র এবং মৃত মৃগের দেহ হইতে এক ফোঁটা শোণিত শিবলিঙ্গের উপর পতিত হয়। সেইদিন দৈবক্রমে শিবচতুর্দ্দশী ব্রতের রাত্রি। ব্যাধের অজ্ঞাতসারে উপবাস, নিশিজাগরণ এবং শিবের মাথায় আমমাংস-রস ও শিশিরসিক্ত বিল্বপত্র পতিত হওয়ায় শিব-প্রীতি-নিবন্ধন ব্যাধ অন্তিমে শিবলোক প্রাপ্ত হইয়াছিল।

বন্নেশ্বরের মন্দিরস্থিত শিবলিঙ্গের সম্বন্ধে এই ব্রতকথার অনুরূপ এক কিংবদন্তী প্রচলিত আছে। অনেক দিনের পুরাতন কথা— বন্নেশ্বরের কিছুদূর দক্ষিণে মোড়গ্রাম নামক গ্রামে একজন মাল জাতীয় গৃহস্থ বাস করিত। মালেরা এক্ষণে নিজেদের রাজমল্ল বলিয়া পরিচয় দিলেও ইংরাজ সরকারের দ্বারাও তপশীলভুক্ত জাতি বলিয়া পরিগণিত হইয়াছে। এই মাল গৃহস্থটির একটি গাভী প্রত্যহ রাত্রিতে কোথায় চলিয়া যাইত। প্রত্যুষে যখন গোয়াল ঘরে ফিরিয়া আসিত, তখন দেখা যাইত যেন তাহার বাঁট ( স্তনের বোঁটা ) চারিটী দুগ্ধসিক্ত। গৃহস্থ মাল-বৃদ্ধ মনে করিত কোন দুষ্ট লোক ইহাকে প্রত্যহ লইয়া গিয়া ইহার দুগ্ধ দুহিয়া লয়। একদিন বৃদ্ধ মাল গাভীকে কপাটসংযুক্ত গৃহে অর্গলবদ্ধ করিয়া রাখিয়া স্বয়ং জাগ্রত অবস্থায় বাহিরে প্রহরী হইয়া থাকিল। নিশীথ সময়ে সে দেখিল ঘরের ভিতর হইতে কে যেন দরজা খুলিয়া দিল। গাভীটি যখন বাটীর বাহির হইল, বৃদ্ধ তাহার অনুসরণ করিয়া চলিল। গাভী একটি জঙ্গলে প্রবেশ করিয়া একটি স্থানে দাঁড়াইবামাত্র তাহার বাঁট হইতে দুগ্ধ ক্ষরণ আরম্ভ হইল। যখন মৃত্তিকা ভিজিয়া গেল, তখন গাভী সেস্থান ত্যাগ করিয়া পালকের গৃহাভিমুখে যাত্রা করিল। মাল-বৃদ্ধ অনেক দিন হইতে হাঁপানি জাতীয় হৃদরোগে ভুগিতেছিল। সে সেইদিনই তাহার গাভীর গন্তব্যস্থানে একটি খন্তা দিয়া খনন করিয়া একটি শিবলিঙ্গের সন্ধান পাইল। ইতর-জাতীয় মাল বনের মধ্য হইতে তাঁহাকে পার্শ্ববর্ত্তী লোকালয়ে আনিয়া নিজের ভাষায় যতদূর কুলায় সেই মন্ত্রে তাঁহার নিত্য অর্চনা করিয়া সম্পূর্ণভাবে রোগমুক্ত হইয়া দীর্ঘায়ু লাভ করিল। বনের মধ্য হইতে আবিষ্কৃত শিবের নামকরণ হইয়াছে বন্নেশ্বর। এই ইতর জাতি কর্ত্তৃক পূজিত শিব এক্ষণে মন্দিরে স্থান পাইয়া ব্রাহ্মণ কর্ত্তৃক পূজিত ও আপামর হিন্দু জনসাধারণ কর্ত্তৃক অর্চ্চিত হইতেছে।

---

## কলেজের কাঁসার ঘণ্টা চুরি

বহরমপুর কৃষ্ণনাথ কলেজের কাঁসার ঘণ্টাটি গত ১১ই ফেব্রুয়ারী রাত্রে চুরি হয়ে গিয়েছে। ঘণ্টাটির ওজন প্রায় ১৫ কেজি এবং সেটি বহুদিন থেকে কলেজের বারান্দায় বাঁধা ছিল। কখন কিভাবে ঘণ্টাটি চুরি হয়েছে সে সম্পর্কে পুলিশ তদন্ত চালাচ্ছে।

---

## শ্রীশ্রীবামাক্ষ্যাপা বাবার আবির্ভাব উৎসব

শ্রীশ্রীবামাক্ষ্যাপা বাবার পুণ্য লীলাভূমি বীরভূমের তারাপীঠে তাঁর আবির্ভাব উৎসব শিবচতুর্দ্দশী তিথিতে ও তার পরদিন লক্ষাধিক ভক্ত ও সাধু সমাগমে উদ্‌যাপিত হয়। এই উপলক্ষে কলকাতা ৮নং প্রামাণিক ঘাট রোডস্থ "বামদেব সংঘ" তারাপীঠে তাদের প্রতিষ্ঠিত অপরূপ শিল্পমণ্ডিত মন্দির আলোকমালায় ও বর্ণাঢ্য পত্র-পুষ্প-পতাকায় সজ্জিত করেন। পরদিন সংঘ তিন সহস্রাধিক ভক্তকে ভূরিভোজনে আপ্যায়িত করেন। সংঘের প্রতিষ্ঠাতা শ্রীসুশীলকুমার বন্দ্যোপাধ্যায় সমস্ত অনুষ্ঠান পরিচালনা করেন এবং সম্পাদক শ্রীরমেন্দ্রনাথ বসু সহ তাঁর ভক্তগণ তাঁকে সাহায্য করেন।

## শ্রীমতী গান্ধী আচার্যপদে পুনরায় নির্ব্বাচিত

বিশ্বভারতীর বার্ষিক অধিবেশনে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তিন বৎসরের জন্য বিশ্বভারতীর আচার্যপদে পুনরায় নির্ব্বাচিত হয়েছেন। শ্রীমতী গান্ধী দ্বিতীয়বারের জন্য এই পদে বৃত হলেন।

---

## উপ-পৌরপতি ঘেরাও

জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভার হরিজন কর্মীরা গত ১৭ই ফেব্রুয়ারী উপ-পৌরপতি শ্রীদক্ষিণারঞ্জন বিশ্বাসকে কয়েক ঘণ্টার জন্য ঘেরাও করেন। কারণ সম্পর্কে জানা যায় যে, শ্রমিক-কর্মচারীরা গত এপ্রিল মাস থেকে তাঁদের প্রাপ্য মাসিক সাড়ে আট টাকা হিসাবে অতিরিক্ত মহার্ঘভাতার টাকা পাননি। জানুয়ারী মাসের বেতনও এখন পর্যন্ত দেওয়া হয়নি। তাতে শ্রমিক-কর্মচারীরা বিক্ষুব্ধ হয়ে উঠলে কর্তৃপক্ষ ১৭ তারিখে ৬ মাসের অতিরিক্ত মহার্ঘ্যভাতা দেবেন বলে প্রতিশ্রুতি দেন। কিন্তু শ্রমিক-কর্মচারীরা ১৭ তারিখ অফিসে গিয়ে শোনেন যে, টাকার অভাবে সেদিনও ঐ টাকা দেওয়া হবে না। হরিজন কর্মীরা তখন ঐ ঘেরাও শুরু করেন। উল্লেখ্য, এর কয়েক সপ্তাহ আগেও সময়মত বেতন না পাওয়ার অভিযোগে হরিজন কর্মীরা উপ-পৌরপতিকে তাঁর অফিসে আর একবার ঘেরাও করেছিলেন।

## ডেণ্টাল সার্জ্জারী পরীক্ষায় সাফল্য

রঘুনাথগঞ্জের ডাক্তার শ্রীরাধানাথ সরকার মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ উৎপলেন্দু সরকার, বি-এস-সি সম্প্রতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের 'ডেণ্টাল সার্জ্জারী' শেষ পরীক্ষায় সাফল্য লাভ করিয়া বি-ডি-এস ডিগ্রী পাইয়াছে। আমরা শ্রীমানের উত্তরোত্তর উন্নতি কামনা করি।

## দশ হাজার টাকা উধাও

গত ১৫ই ফেব্রুয়ারী শনিবার লালগোলার বিশিষ্ট ব্যবসায়ী শ্রীচেংরূপ বাগোরিয়ার পুত্র শ্রীরঞ্জিত বাগোরিয়া জঙ্গিপুর হ'তে দশ হাজার টাকা নিয়ে লালগোলা যাচ্ছিলেন। জঙ্গিপুর মোটর ষ্ট্যাণ্ডে মোটর বাসের সিটের উপর টাকার ব্যাগটী রেখে বাসের নিকট দাঁড়িয়ে একজন লোকের সঙ্গে গল্প করছিলেন। ইত্যবসরে ব্যাগটা উধাও হয়। অনেক খোঁজাখুঁজির পর নিকটস্থ বাগানে ব্যাগটা কাটা অবস্থায় পাওয়া যায়।

## চুরি

গত ১৮ই ফেব্রুয়ারী মঙ্গলবার রাত্রে রঘুনাথগঞ্জ বাজারপাড়ার ব্যবসায়ী শ্রীরামকৃষ্ণ পাল মহাশয়ের দোকান ঘরে চোর ঢুকে দোকানের 'আয়রন চেষ্ট' বাহিরে নিয়ে গিয়ে ভাঙ্গবার চেষ্টা করে কিন্তু ভাঙ্গতে পারেনি। কিছু আতপ চাউল, চিনি ও দালদা নিয়ে গিয়েছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## পরলোকগমন

৭ই ফাল্গুন বুধবার দুপুরে রঘুনাথগঞ্জের সে সময়ের নামকরা মোক্তার স্বর্গীয় কালীকান্ত সরকার মহাশয়ের প্রথমা কন্যা উৎপলবাসিনী সেন পরলোকগমন করেছেন। মৃত্যুকালে তিনি তাঁহার একমাত্র পুত্র সচ্চিদানন্দ সেন, পুত্রবধূ ও কয়েকটী পৌত্র-পৌত্রী রেখে গিয়েছেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করে পরলোকগতা আত্মার চিরশান্তি কামনা করছি।

## জঙ্গিপুর মহকুমার বিভিন্ন শিল্প

বিগত ইংরাজী ১৯৩৩ সালে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে কৃষি-শিল্প প্রদর্শনী হ'য়েছিল। দ্বার উদ্‌ঘাটন করেন প্রেসিডেন্সী বিভাগের তদানীন্তন কমিশনর মিঃ গার্ণার। তখন প্রধান অতিথি করার রেওয়াজ ছিল না। দ্বার উদ্‌ঘাটন উপলক্ষে জঙ্গিপুরে প্রচলিত "ভাড়বোল" গানের সুরে রচিত গানখানি গীত হয়। পাঠকগণের জ্ঞাতার্থে উহা ৩৬ বৎসর পরে পুনরায় মুদ্রিত হ'লো।

### গান

দ্বার খোল্ দ্বার খোল্ জেগে উঠরে ভাই!
দেশের মড়া কৃষি শিল্প বাঁচিয়ে তোলা চাই।
জঙ্গিপুর মহকুমাতে যত শিল্প আছে,
একে একে বল্‌ছি সে সব আপনাদের কাছে।
জঙ্গিপুরের লৌহ শিল্প তুলনা নাই যার,
সম্মুখে জীয়ন্ত প্রমাণ হরি কর্ম্মকার।
জঙ্গিপুরে রেশম শিল্প হয়নি আজও লোপ—
কাজ দেখে স্তম্ভিত যাদের সুসভ্য ইউরোপ।
আলমসাহী, ধুলরীপাড়া আর গোপালনগরে।
কত সুন্দর আসন, কম্বল গাড়রীদের ঘরে।
কাঠের কাজ এ অঞ্চলে যায়নি আজও উড়ে,
এখনও তার প্রমাণ দিবে তেঘরী রামপুরে।
বেত্রশিল্প সুবিখ্যাত আজও 'চড়কা' গ্রামে।
এই গ্রামটি সুবিখ্যাত বেতেপাড়া নামে।
জঙ্গিপুরের কাংসশিল্প নয়কো নেহাত বাজে,
মালুম হয় রোজ কাঁসারীদের হাতুড়ির আওয়াজে।
মাটির কলসী, হাঁড়ি, শরা, হ'তো লাখে লাখে,
জোতকমল আর বালিঘাটার কুম্ভকারের চাকে।
এলুমিনাম, এসে দেশটা করেছে দখল,
"লেড পইজন" ব্যাধিগুলি তারই ফলাফল।
আইলের উপর বাদ্যযন্ত্র তৈরী হতো কত—
ডুগী, তবলা কলিকাতা জোড়াসাঁকোর মত।
পুরাকাল হ'তে কাগজ দিচ্ছে ধুলিয়ান,
সাক্ষী মহাদেবনগরে কাগজী মুসলমান।
গীতবাদ্যে জঙ্গিপুর যেতনাকো বাদ
নসীব-দোষে মরহুম আজ ইয়াকুব ওস্তাদ।

## নোটীশ

### মুর্শিদাবাদ কো-অপারেটিভ্ ল্যাণ্ড মর্গেজ ব্যাঙ্ক লিঃ, বহরমপুর

এতদ্দ্বারা সকল স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিগণকে নোটিশ দেওয়া যাইতেছে যে নিম্নে উল্লিখিত ব্যক্তিগণ মুর্শিদাবাদ জেলায় অবস্থিত নিম্নতপশীল বর্ণিত জমি মুর্শিদাবাদ কো-অপারেটিভ্ ল্যাণ্ড মর্গেজ ব্যাঙ্কে বন্ধক দিয়া দীর্ঘ মেয়াদী ঋণের জন্য দরখাস্ত করিয়াছেন। এই বিষয়ে যদি কাহারও কোন আপত্তি থাকে তবে ৫ই মার্চ, ১৯৬৯ তারিখের মধ্যে যে কোন দিন অফিস কার্য্যকালে নিম্নস্বাক্ষরকারীর সহিত উপরে উল্লিখিত অফিসে সাক্ষাৎ করিয়া তাঁহাদের আপত্তির বিষয় অবগত করাইবেন।

যে সকল জমি বন্ধক দেওয়ার প্রস্তাব হইয়াছে তাহার বিবরণ :—

দরখাস্তকারীর নাম ও ঠিকানা এবং প্রার্থিত কর্জ্জের পরিমাণ - শ্রীবিধুভূষণ মণ্ডল গ্রাম ও পোঃ খাটুয়া, থানা সাগরদীঘি, জেলা মুর্শিদাবাদ প্রার্থিত কর্জ্জ ২০০০৲ থানা সাগরদীঘি, পরগণা বিহরোল, তৌজি নং ৫৪, রেঃ সার্ভে নং ২০১, জে, এল নং ১১৩, মৌজা খাটুয়া, খতিয়ান নং (হাল) ১২৫, সম্পূর্ণ দাগ নম্বর সমূহ (হাল) ৩৬৬২, ৩৬৭৫, ৩৮১৩, ৩৭১১, ১৩২২, ১৩৫১, ৮৪২, ৮৩৭, ৮৩৮, ৮৬২, মোট পরিমাণ ২ একর ৯৫ শতক, দেয় খাজনা ৭ টাকা ৭৩ পয়সা, খতিয়ানে উল্লিখিত মালিকের নাম শ্রীবিধুভূষণ মণ্ডল।

মুর্শিদাবাদ কো-অপারেটিভ্ ল্যাণ্ড
মর্গেজ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটির পক্ষে—
১৯-২-৬৯ স্বাঃ/- এন, ব্যানার্জ্জী, ম্যানেজার।

## শিবদুর্গা পূজা

রঘুনাথগঞ্জ তরকারী বাজারে শিবদুর্গা পূজা সম্পন্ন হ'য়েছে। পূজা উপলক্ষে প্রথম দিন 'রাজা লক্ষ্মণ সেন' যাত্রাভিনয় হয়। অভিনয় ভাল হয়েছিল। বাউলের গানে দর্শকগণ মুগ্ধ হ'য়েছিলেন। দ্বিতীয় দিন কৃষ্ণযাত্রা হ'য়েছিল।

## খোকার জন্মের পর..

আমার শরীর একেবারে ভেঙ্গে প'ড়ল। একদিন ঘুম থেকে উঠে দেখলাম সারা বালিশ ভর্তি চুল। তাড়াতাড়ি ডাক্তার বাবুকে ডাকলাম। ডাক্তার বাবু আশ্বাস দিয়ে বল্লেন—"শারীরিক দুর্বলতার জন্য চুল ওঠে।" কিছুদিনের যত্নে যখন সেরে উঠলাম, দেখলাম চুল ওঠা বন্ধ হয়েছে। দিদিমা বল্লেন—"ঘাবড়াসনা, চুলের যত্ন নে,



দু'দিনেই দেখবি সুন্দর চুল গজিয়েছে।" রোজ দু'বার ক'রে চুল আঁচড়ানো আর নিয়মিত স্নানের আগে জবাকুসুম তেল মালিশ সুরু ক'রলাম। দু'দিনেই আমার চুলের সৌন্দর্য ফিরে এল'।

## জবাকুসুম

কেশ তৈল



সি. কে. সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
জবাকুসুম হাউস • কলিকাতা-১২

KALPANA.J.K-84.B



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখ নে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮৩।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৫৩৬৬



দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেন্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেন্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

রজতশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা,
প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৭৫ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'২৫ এক টাকা পঁচিশ পয়সা, পূর্ণ পৃষ্ঠা ৬০'০০ ষাট টাকা, অর্দ্ধ পৃষ্ঠা ৩২'০০ বত্রিশ টাকা, সিকি পৃষ্ঠা ১৮'০০ আঠার টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।